# ২৪ সেপ্টেম্বর থেকে পূজা মণ্ডপে পুলিশের কড়া নিরাপত্তা: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

দুর্গাপূজা উপলক্ষে বুধবার থেকে সারাদেশের মণ্ডপে পুলিশ, র‍্যাব ও আনসার মোতায়েন থাকবে। এর আগে পূজা কমিটিগুলোকে নিজস্ব নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। একই সঙ্গে মাদক দমন ও আলুর বাজার নিয়েও মত দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লে. জে. (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী।

দুর্গাপূজা সামনে রেখে আগামী ২৪ সেপ্টেম্বর (বুধবার) থেকে সারাদেশের পূজা মণ্ডপে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন থাকবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, বাহিনী মোতায়েন না হওয়া পর্যন্ত প্রতিটি মণ্ডপে পূজা উদযাপন কমিটিকে অন্তত ৭ জন করে গার্ড রাখতে হবে, যাতে প্রাথমিক নিরাপত্তা নিশ্চিত থাকে।

রোববার (২১ সেপ্টেম্বর) সচিবালয়ে আইনশৃঙ্খলা বিষয়ক উপদেষ্টা কমিটির বৈঠক শেষে তিনি জানান, “এবার পূজার নিরাপত্তায় পুলিশ, র‍্যাব ও আনসার সদস্যদের সংখ্যা বাড়ানো হয়েছে। কোথাও বিশেষ ঝুঁকি নেই, তবে সব ধরনের সতর্কতা নেওয়া হয়েছে যাতে নির্বিঘ্নে পূজা সম্পন্ন হয়।”

LENS ASIA

এ সময় তিনি সীমান্ত দিয়ে মাদক প্রবাহের প্রসঙ্গ টেনে বলেন, বাংলাদেশ থেকে চাল ও সার পাচার হলেও মাদক মূলত আসে বাইরে থেকে। আরাকান আর্মি মাদক ব্যবসার ওপর নির্ভরশীল। তবে আগের চেয়ে এখন বেশি পরিমাণ মাদক আটক করা হচ্ছে, সরকার মাদক নির্মূলে দৃঢ়প্রতিজ্ঞ।

আলুর বাজার পরিস্থিতি নিয়েও তিনি সতর্ক করে বলেন, কৃষকরা ন্যায্য মূল্য না পেলে আগামী মৌসুমে আলু চাষে আগ্রহ হারাতে পারেন। এতে ভবিষ্যতে আলুর দাম বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।